

নতুন ধারার দৈনিক

# আমাদের ময়

## কুবি শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রলীগের সংঘর্ষ

প্রকাশ | ১৪ মে ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ও কুবি  
প্রতিনিধি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শিক্ষার্থী ও স্টাফদের বহনকারী চারটি বাসে গতকাল রবিবার ছাত্রলীগের কর্মীরা অতর্কিত সশস্ত্র হামলা চালিয়েছে। এর জের ধরে কুমিল্লা নগরীতে ছাত্রলীগ কর্মীদের সঙ্গে দফায়-দফায় সংঘর্ষ হয়েছে কুবি শিক্ষার্থীদের। এতে নগরীর পুলিশ লাইন এলাকা রণক্ষেত্রে পরিণত হয়। বিকাল ৫টা থেকে শুরু হওয়া সংঘর্ষ অব্যাহত থাকে সন্ধ্যা সাড়ে সাতটা পর্যন্ত। কাঁচুনে গ্যাস, রবারবুলেট ও টিয়ারশেল নিষ্কেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে পুলিশ। হামলা ও সংঘর্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ ১২ জন আহত হয়েছেন। তবে তাদের নাম তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

রবিবার সকালে কোটা সংস্কার আন্দোলনের অংশ হিসেবে মানববন্ধন অনুষ্ঠিত হয় নগরীর কান্দিরপাড়ে। ওই সময় সরকারি কলেজের কয়েক ছাত্রলীগ কর্মীর সঙ্গে মানববন্ধনে অংশ নেওয়া কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কয়েক শিক্ষার্থীর কথা কাটাকাটি হয়। এর জের ধরেই বিশ্ববিদ্যালয়ের বাসে হামলা চালানো হয়েছে বলে অভিযোগ করেছেন কুবি শিক্ষার্থীরা।

প্রত্যক্ষদর্শীরা জানান, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের

শিক্ষার্থী বহনকারী তিনটি বাস বিকালে পুলিশ লাইন এলাকায় কুমিল্লা সরকারি কলেজের সামনে দিয়ে যাচ্ছিল। সামনের বাসটি ছিল বিআরটিসির। সেটিতে অতর্কিত রড-লার্ট-রামদা নিয়ে হামলা চালায় কুমিল্লা মহানগর ও কুমিল্লা সরকারি কলেজ ছাত্রলীগের অর্ধশতাধিক নেতাকর্মী। তারা বাসটি সম্পূর্ণ ভাঙ্গে করে। এ সময় পেছনের কুবির তিনটি বাসে থাকা ছাত্ররা নেমে এসে হামলাকারীদের ওপর পাল্টা হামলা করেন। এতে সংঘর্ষ বেধে যায়। উভয়পক্ষই লার্টসেন্টা এবং ইটপাটকেল ব্যবহার করে। সংঘর্ষের ফলে রেসকোর্স থেকে ঝাউতলা পর্যন্ত এবং পুলিশ লাইন মোড় থেকে কুমিল্লা নগর ভবন পর্যন্ত সড়কগুলো রণক্ষেত্রে পরিণত হয়। একপর্যায়ে ঝাউতলায় একটি বাস আড়াআড়ি রেখে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা সড়ক বন্ধ করে দেন। ফলে পুলিশ লাইন থেকে রেসকোর্স পর্যন্ত যান চলাচল বন্ধ হয়ে যায়। অন্যদিকে ছাত্রলীগের কর্মীরা কুমিল্লা সরকারি কলেজে অবস্থান নিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ওপর দফায় দফায় হামলা করে। তারা মুখোশ পরে ইটপাটকেল নিষ্কেপ করে ও লাঠি নিয়ে হামলা চালায়।

কুবির ফাইন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র নাজমুল অভি অভিযোগ করেন, বিকাল ৫টায় বিশ্ববিদ্যালয় ছুটির পর আমরা বাসে শহরে ফিরছিলাম। এ সময় ছাত্রলীগ কর্মীরা অতর্কিতে হামলা করে। এতে ৮ শিক্ষার্থী আহত হয়েছেন। তিনি আরও বলেন, নিরপরাধ শিক্ষার্থীদের ওপর এ হামলার বিচার পুলিশের কাছে চাইতে গেলে পুলিশের সামনেই ছাত্রলীগ কর্মীরা আমাদের ওপর আবার হামলা করে।

এ ব্যাপারে কুমিল্লা মহানগর ছাত্রলীগের যুগ্ম আহ্বায়ক হিমেল বলেন, বিশ্ববিদ্যালয়ের গাড়ি থেকে আমাদের ওপর আগে ইটপাটকেল নিষ্কেপ করলে আমরা নিজেদের রক্ষা করি।

এ ব্যাপারে কুমিল্লা অতিরিক্ত পুলিশ সুপার (উত্তর) মো. শাখাওয়াত হোসেন বলেন, হামলার কারণ এখনো জানা যায়নি। পরিস্থিতিও স্বাভাবিক হয়নি। স্বাভাবিক হলে তদন্ত করে হামলার কারণ খুঁজব। বিশ্ববিদ্যালয়ের ছাত্র বহনকারী ভাঙ্গে করা বাস কুমিল্লা পুলিশ লাইনের ভেতর নেওয়া হয়েছে বলেও জানান তিনি।

এ বিষয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. কাজী মোহাম্মদ কামাল উদ্দিন জানান, আমরা বিষয়টি নিয়ে পুলিশ প্রশাসনের সঙ্গে যোগাযোগ করেছি। পরিস্থিতি এখন শান্ত আছে। আমাদের কোনো শিক্ষার্থী আটক থাকলে আমরা প্রয়োজনীয় ব্যবস্থা নেব। এ ব্যাপারে মামলা করার বিষয়েও কথা চলছে।

**ভারপ্রাণ সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@ dainikamadershomoy.com, editor@ dainikamadershomoy.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি